**(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
হিসাব অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০১০.৩৩.০২৯.২১-**১২৯**

তারিখ : ২৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
৯ জানুয়ারি ২০২২ খ্রি:

# পরিপত্র

বিষয়ঃ **সকল সরকারি হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।**

বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণ জীবন সায়াহ্নে বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হওয়ার প্রেক্ষিতে দেশের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অবস্থিত সকল পর্যায়ের সরকারি হাসপাতালে বা সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে বা বিশেষায়িত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সরকারি হাসপাতালে প্রদত্ত নিয়মিত সরকারি বরাদ্দের বাইরে বীর মুক্তিযোদ্ধার চিকিৎসার প্রয়োজনে অর্থ বছরের শুরুতে এ মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট হাসপাতালের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হবে এবং উক্ত অর্থ থেকে চিকিৎসা ব্যয় নির্বাহ করা হবে। বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে 'বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২১' এর আওতায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

০২। হাসপাতালে ভর্তি থাকাকালীন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত বীর মুক্তিযোদ্ধাগণ বিনা খরচে চিকিৎসা সেবা পাবেন। উপজেলা, জেলা ও বিভাগ শহরের হাসপাতালে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত বীর মুক্তিযোদ্ধাগণ ভর্তি হতে পারবেন। উপজেলা, জেলা ও বিভাগীয় শহরে অবস্থিত সরকারি হাসপাতাল বা সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা প্রদান সম্ভব না হলে সংশ্লিষ্ট হাসপাতালের সুপারিশে বিশেষায়িত হাসপাতালে ভর্তি হতে পারবে। তবে জরুরি চিকিৎসার প্রয়োজন হলে বা বিশেষ প্রেক্ষাপটে যে কোন বিশেষায়িত সরকারি হাসপাতালে সরাসরি ভর্তি হওয়া যাবে। বিশেষায়িত হাসপাতাল হিসেবে নিম্নোক্ত হাসপাতালসমূহ বিবেচিত হবে:

(১) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতাল, শাহবাগ, ঢাকা।
(২) ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
(৩) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(৪) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
(৫) জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
(৬) জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুর্নবাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা।
(৭) জাতীয় কিডনী ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(৮) জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(৯) জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর ঢাকা।
(১০) জাতীয় বক্ষব্যধি ইন্সটিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
(১১) ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসাইন্স ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(১২) জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউটও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
(১৩) শহিদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা।
(১৪) শেখ ফজিলাতুন্নেসা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।
(১৫) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
(১৬) ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
(১৭) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
(১৮) রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
(১৯) এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
(২০) শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
(২১) জাতীয় হৃদরোগ ফাউন্ডেশন হাসপাতাল এবং গবেষণা ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
(২২) বারডেম জেনারেল হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

উল্লেখ্য যে, আরও কোন নতুন সরকারি বিশেষায়িত হাসপাতাল হলে উক্ত হাসপাতাল উল্লিখিত বিশেষায়িত হাসপাতালের তালিকায় অন্তর্ভুক্ত হবে।

০৩। বীর মুক্তিযোদ্ধার চিকিৎসায় জনপ্রতি উপজেলার ক্ষেত্রে সর্বোচ্চ ১০,০০০/- টাকা, জেলার ক্ষেত্রে সর্বোচ্চ ২০,০০০/- টাকা, বিভাগীয় হাসপাতালের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫,০০০/- টাকা খরচ করা যাবে। বিশেষ ক্ষেত্রে সিভিল সার্জন বা পরিচালকের অনুমোদনক্রমে অতিরিক্ত ১০,০০০/- টাকা ব্যয় করা যাবে। জটিল রোগীর ক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে উপজেলা বা জেলায় ৩০,০০০/- টাকা পর্যন্ত খরচ করা যাবে।

০৪। বিশেষায়িত হাসপাতালসমুহের চিকিৎসা শেষে বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা ব্যয় নির্বাহের ক্ষেত্রে বাৎসরিক সর্বোচ্চ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে।

০৫। ভর্তিকালীন চিকিৎসার জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনে নির্ধারিত এক বা একাধিক ঔষধের দোকান থেকে ঔষধ নেওয়া যাবে। মাসিক ভিত্তিক যাচাই করে বিল পরিশোধ করা যাবে। ঔষধের মূল্যে কোন ক্রমেই খুচড়া মূল্যের বেশী হবে না। ক্ষেত্র মতে হাসপাতাল ত্যাগের সময় ১৫(পনেরো) দিনের ঔষধ আগাম বীর মুক্তিযোদ্ধাদের ক্রয় করে দেওয়া যাবে। শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত সকল জীবিত বীর মুক্তিযোদ্ধা বিনা পয়সায় সেবা পাবার অধিকারী হবেন।

০৬। **চিকিৎসা ব্যয় নির্বাহ:** বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য অর্থ বছরের শুরুতেই হাট-বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ হতে সংশ্লিষ্ট সকল হাসপাতালের অনুকূলে মুক্তিযোদ্ধার সংখ্যানুপাতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ করা হবে। বরাদ্দকৃত অর্থের ৭৫% ব্যয় হবার পরই হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক মন্ত্রণালয়কে চাহিদা প্রদান করা হলে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্য হবে। তহবিল সংকট বা অন্য কোন অজুহাতে অসুস্থ বীর মুক্তিযোদ্ধার চিকিৎসা সেবা প্রদান কোনভাবেই ব্যহত করা যাবে না।

০৭। **চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই:** হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাকে সর্বোত্তমভাবে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে কিনা বা মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ বিধি বিধান অনুসরণ পূর্বক সঠিকভাবে ব্যয় করা হচ্ছে কিনা তা যাচাই বা নিরীক্ষা করা হবে। এ লক্ষ্যে উপজেলা, জেলা বা বিভাগীয় পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের চিকিৎসা প্রদান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা যাচাই পূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রতি ৩(তিন) মাসে সভা বাধ্যতামূলক এবং বিশেষ কারনে ও যে কোন সময় সদস্য সচিব সভাপতির সাথে আলোচনা ক্রমে সভা আহবান করতে পারবে। কমিটি হবে নিম্নরূপ:

(ক) **উপজেলা পর্যায়ে কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| (২) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্য |
| (৩) | স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | - সদস্য |
| (৪) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচিত কমান্ডার/তাঁর প্রতিনিধি/ক্ষেত্র বিশেষ প্রশাসকের প্রতিনিধি | - সদস্য |
| (৫) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য সচিব |

(খ) **জেলা পর্যায়ে কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | - সভাপতি |
| (২) | আবাসিক স্বাস্থ্য কর্মকর্তা বা মেডিকেল কলেজের প্রতিনিধি | - সদস্য |
| (৩) | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | - সদস্য |
| (৪) | জেলা কমান্ডার/তাঁর প্রতিনিধি/ক্ষেত্র বিশেষ প্রশাসকের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | - সদস্য |
| (৫) | মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | - সদস্য |
| (৬) | ডেপুটি সিভিল সার্জন | - সদস্য সচিব |

(গ) **বিভাগীয় পর্যায়ে কমিটি (ঢাকা মহানগর ব্যতীত):**

| | | |
|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার | - সভাপতি |
| (২) | মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের পরিচালক | - সদস্য |
| (৩) | মাননীয় সংসদ সদস্যের ১ জন প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | - সদস্য |
| (৪) | সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক মনোনীত ১জন প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা)। | - সদস্য |
| (৫) | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন জেলা কমান্ডার | - সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের একজন উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তা (হাসপাতালের পরিচালক কর্তৃক মনোনীত)। | - সদস্য সচিব |

(ঘ) **ঢাকা মহানগরীতে অবস্থিত মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালের কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মনোনীত একজন কর্মকর্তা (অতিরিক্ত সচিব পর্যায়ের) | - সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট মেডিকেল কলেজ বা বিশেষায়িত হাসপাতালের পরিচালক | - সদস্য |
| (৩) | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যুনতম উপসচিব পদমর্যাদার) | - সদস্য |
| (৪) | মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান এর প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত একজন বীর মুক্তিযোদ্ধা) | - সদস্য |
| (৫) | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | - সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের একজন উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তা (হাসপাতালের পরিচালক কর্তৃক মনোনীত)। | - সদস্য সচিব |

০৮। **নিরীক্ষা কার্যক্রম:** সরকারি বিধি বিধান মোতাবেক চিকিৎসা বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট স্থানীয় নিরীক্ষা অধিদপ্তরের মাধ্যমে নিরীক্ষা করা হবে। বাৎসরিক নিরীক্ষা প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং অর্থ ব্যয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রচলিত সরকারি অর্থ ব্যয়ের বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। **আয়ন-ব্যয়ন কর্মকর্তা:** বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্ত ছকে বর্ণিত কর্মকর্তা আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন:

| ক্রমিক | বিবরণ | আয়ন-ব্যয়ন কর্মকর্তার পদবী |
|---|---|---|
| ০১ | উপজেলা পর্যায়ে সরকারি হাসপাতাল | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০২ | জেলা পর্যায়ের সরকারি হাসপাতাল | সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৩ | সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল | পরিচালক বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি |
| ০৪ | বিশেষায়িত হাসপাতাল | হাসপাতালের প্রধান বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি |

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

১৮/০৫/2022

(মো: জাহাঙ্গীর আলম)
উপসচিব (হিসাব)
ফোন: ০২-২২৩৩৫৮৭৮৮
ই-মেইল: zalam1968@gmail.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০১০.৩৩.০২৯.২১-**১২৯** তারিখ : ২৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ৯ জানুয়ারি ২০২২ খ্রি:

বিতরণ:

১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/নারায়ণগঞ্জ/গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ/রংপুর সিটি কর্পোরেশন।

২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার (সকল)..............................

৪। জেলা প্রশাসক (সকল) ..................................(সংশ্লিষ্ট জেলায় অবস্থিত সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিতকরণের অনুরোধসহ)

৫। সিভিল সার্জন (সকল) ....................................

৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা....................................জেলা..................................................

৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা ..........................জেলা......................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় সদস্য (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, ঢাকা।

৩। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ।

৭। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-ব্যাপক প্রচারের অনুরোধসহ।

৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মাহাখালী, ঢাকা।

৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।

১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।

১১। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

১২। মাননীয় সভাপতির একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, ঢাকা-সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৭/০১/২০২২

(মো: জাহাঙ্গীর আলম)
উপসচিব (হিসাব)
ফোন: ০২-২২৩৩৫৮৭৪৪